বিদেশি ওয়েবসাইট ক্লোন করে বিনিয়োগ প্রতারণা, দুইজন গ্রেফতার



সংগৃহীত ছবি

বাংলাদেশ পুলিশ সিআইডি নেদারল্যান্ডসের Withlocals নামে একটি প্রতিষ্ঠানের ওয়েবসাইট ক্লোন করে সাধারণ মানুষের সঙ্গে বিনিয়োগ প্রতারণার অভিযোগে একটি সংঘবদ্ধ চক্রের মূলহোতা ও এক সহযোগীকে গ্রেফতার করেছে।

তদন্তে জানা গেছে, প্রতারণা চক্রটি ভুয়া ওয়েবসাইটের লিঙ্ক ব্যবহার করে ভিকটিমদের কাছে নিজেদের বিদেশি কোম্পানির কর্মকর্তা হিসেবে পরিচয় দেয় এবং বিনিয়োগের প্রলোভন দেখিয়ে অর্থ হাতিয়ে নিত। গ্রেফতারকৃতরা হলেন, হৃদয় হাসান (২১), তৌহিদ ভূঁইয়া (২১)। এক ভিকটিমের কাছ থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ প্রায় ২৫ লাখ টাকা। ভিকটিম প্রতারণার বিষয়টি বুঝে স্থানীয় থানায় মামলা দায়ের করে।

সিআইডি তদন্তে পায়, হৃদয় হাসান দীর্ঘদিন ধরে টেলিগ্রাম গ্রুপ ব্যবহার করে প্রতারণা পরিচালনা করছিল। ৭ জানুয়ারি তৌহিদ ভূঁইয়া এবং একই দিনে হৃদয় হাসানকে গ্রেফতার করা হয়।

হৃদয় হাসানের কাছ থেকে জব্দকৃত ফোন ও অন্যান্য ডিভাইস বিশ্লেষণে দেখা গেছে, সে প্রায় ৩০টি ব্যাংক অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ করত। দুটি বাইনান্স অ্যাকাউন্ট ভিন্ন নামে হলেও তার বিকাশ ও নগদ অ্যাকাউন্টের সঙ্গে সংযুক্ত ছিল। এছাড়া ফোনে থাকা ১৫টি কিউআর কোডের মাধ্যমে একাধিক টেলিগ্রাম অ্যাকাউন্টে লগইন করে প্রতারণা চালাত।

উভয় গ্রেফতারকৃত প্রাথমিক জিজ্ঞাসাবাদে অপরাধ স্বীকার করেছে। সিআইডি বর্তমানে ব্যাংক লেনদেন, ভিকটিম সংখ্যা এবং চক্রের অন্যান্য সহযোগী শনাক্তে তদন্ত অব্যাহত রেখেছে। অনলাইন বিনিয়োগ প্রতারণা ও সাইবার জালিয়াতি প্রতিরোধে সিআইডি কঠোর অবস্থানে রয়েছে এবং এ ধরনের অপরাধে জড়িত সকলকে আইনের আওতায় আনার চেষ্টা চলবে।